



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ২৪ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
১০ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ‘ক’ ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘ক’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ নগরীর ৭টি কেন্দ্রে সকাল ১১ টা থেকে শুরু হয়ে দুপুর ১২.৩০ ঘনিট পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ‘ক’ ইউনিটে মোট পরীক্ষার্থী ছিলো ১২০৫৭ জন। ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় ‘ক’ ইউনিটে শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৭০.৫৭%। পরীক্ষা চলাকালীন সময়ে মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বিশ্ববিদ্যালয়ের সিভিকেট সদস্য জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, সিভিকেট সদস্য বঙ্গবন্ধু হলের প্রভোস্ট রাহাত হোসাইন ফয়সাল, প্রষ্ঠের ড. সুব্রত কুমার দাস, গনিত বিভাগের চেয়ারম্যান হেনা রানী বিশ্বাস, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ফজলুল হকসহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা কক্ষ পরিদর্শন করেন। এছাড়া নগরীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ট্রেজারার, সিভিকেট সদস্য এবং কলা ও মানবিক অনুষদের ডিন মহোদয়। ২০১৮-১৯ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ‘ক’, ‘খ’ ও ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় বরিশাল সিটি কর্পোরেশন (বিসিসি) মেয়র, স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, বরিশালবাসী, রাজনৈতিক নেতৃবৃন্দ, মুক্তিযোদ্ধা, সুশীল সমাজ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ, সিভিল সার্জনের কার্যালয়, সাংবাদিক, বাস মালিক সমিতি, পরীক্ষার্থী, অভিভাবক এবং বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, বিএনসিসি, রোভার স্কাউট ও ছাত্রলীগসহ অন্যান্য ছাত্র সংগঠনের নেতৃকর্মীদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস